গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০২.০০৭.২০২০/ ৫১৪ তারিখ: ০৯/১২/২০২৫ খ্রি:।

বিষয়ঃ প্রজ্ঞাপন নং- ১১৪/২০২৫/কাস্টমস/৪১৭, তারিখ: ২৭/১০/২০২৫ খ্রি. জাতীয় রাজস্ব বোর্ডের Website এ সংযোজন প্রসংগে।

সূত্রঃ এইচ কবির এন্ড কোং লিঃ এর ২৪/১১/২০২৫ খ্রি. তারিখের আবেদন।

সূত্রোক্ত পত্রের মাধ্যমে এইচ কবির এন্ড কোং লিঃ নামক প্রতিষ্ঠানের অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য নির্ধারিত আমদানি প্রাপ্যতা সংক্রান্ত প্রজ্ঞাপন নং- ১১৪/২০২৫/কাস্টমস/৪১৭, তারিখ: ২৭/১০/২০২৫ খ্রি. জাতীয় রাজস্ব বোর্ডের Website এ সংযোজন করার জন্য অনুরোধ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

০৯/১২/২০২৫

সংযুক্তিঃ বর্ণনামতে.........পাতা।

**[সুরাইয়া সুলতানা]**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল: ssbondnbr@gmail.com

প্রাপকঃ
সিস্টেম ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০২.০০৭.২০২০/ তারিখ: ০৯/১২/২০২৫ খ্রি:।

**অনুলিপি; সদয় অবগতির জন্য:**

১। পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, মেসার্স এইচ কবির এন্ড কোং লিঃ, ২০৫/১-এ, গুলশান, তেজগাঁও লিংক রোড, তেজগাঁও শি/এ, ঢাকা।
৩-৪। অফিস কপি/গার্ড কপি।

**[সুরাইয়া সুলতানা]**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

F:\mursheda\Head-02\Letter\02.007.2020.docx

# H. Kabir & Co. Ltd.

Since-1978

Duty Free Diplomatic & Duty Paid Non Diplomatic Bonded Warehouse

| জাতীয় রাজস্ব বোর্ড সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি) | ইস্যু নম্বরঃ তারিখঃ সময়ঃ |
| --- | --- |
| ☐ প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড) ☐ প্রথম সচিব (কাস্টমস: অব্যাহতি ও প্রকল্প সুবিধা) ☐ প্রথম সচিব (কাস্টমস: মামলা ও বিরোধ নিষ্পত্তি) ☐ প্রথম সচিব (কাস্টমস: গোয়েন্দা ও নিলাম) ☐ দ্বিতীয় সচিব (কাস্টমস: বন্ড/কাস্টমস: অব্যাহতি/ কাস্টমস: মামলা/কাস্টমস: নিলাম) | ☐ নথিভুক্ত করুন ☐ প্রয়োজনীয় ব্যবস্থা দিন ☐ নথিতে উপস্থাপন করুন ☐ আলোচনা করুন ☐ ............... সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি |

তারিখ ঃ ২৪/১১/২০২৫ খ্রিঃ

বরাবর,
সদস্য ( শুল্ক, রপ্তানি, বন্ড ও আইটি )
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ,আগারগাঁও, শের-এ বাংলা নগর
ঢাকা-১২০৭।

**বিষয়** ঃ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত প্রজ্ঞাপন অনুযায়ী ২০২৫-২০২৬ অর্থবছরে নির্ধারিত আমদানি প্রাপ্যতা জাতীয় রাজস্ব বোর্ডের Website এ Upload করা প্রসঙ্গে।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন আদেশ নং-১১৪/২০২৫/কাস্টমস/৪১৭, তারিখঃ ২৭/১০/২০২৫ খ্রিঃ।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রে বর্ণিত প্রজ্ঞাপন অনুযায়ী আমাদের প্রতিষ্ঠানের অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরে বার্ষিক আমদানি প্রাপ্যতা ১১,০০,০০০.০০ (এগার লক্ষ ) + প্রত্যয়ন পত্রের মাধমে প্রদত্ত ৩,৩১,৫২২.৭৪ মার্কিন ডলারসহ সর্বমোট = ১৪,৩১,৫২২.৭৪ মার্কিন ডলার নির্ধারন করা হয়। এরই প্রেক্ষিতে বিগত ১৩/১১/২০২৫ খ্রিঃ তারিখে উক্ত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেট আকারে প্রকাশিত হয়েছে।

এমতাবস্থায়, সূত্রে বর্নিত প্রজ্ঞাপন অনুযায়ী আমাদের প্রতিষ্ঠানের অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরে নির্ধারিত বার্ষিক আমদানি প্রাপ্যতা ১১,০০,০০০.০০ (এগার লক্ষ ) + প্রত্যয়ন পত্রের মাধমে প্রদত্ত ৩,৩১,৫২২.৭৪ মার্কিন ডলারসহ সর্বমোট = ১৪,৩১,৫২২.৭৪ মার্কিন ডলার জাতীয় রাজস্ব বোর্ডের Website এ Upload করার জন্য আপনার কাছে বিনীত অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে
আপনার বিশ্বস্ত

Alauddin

(মোঃ আলাউদ্দীন)
জেনারেল ম্যানেজার (কমার্শিয়াল)

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক ।

রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৫ সনের ৪৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৩, ২০২৫

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১০০৫—১০১১ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৩৮৫—১৬৭৬ | ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| | | (১) . . . . সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৯৭—৫২৩ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৪২১—১৪৪৩ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৬**

**আদেশবলি**

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩২/১৫ অক্টোবর ২০২৫

নং ১০.০০.০০০০.১৩০.১১.০৪২.২৫.৫১৬—The Notaries Ordinance, 1961 এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে মাগুরা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, পিতা-মোঃ আব্দুল মজিদ ফকির-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারি হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারিরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারিরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ-এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারিরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং ১০.০০.০০০০.১৩০.১১.০৪৮.২৫.৫১৭—The Notaries Ordinance, 1961 এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে মাগুরা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব ইফ্‌ফাত আরা টুম্পা, পিতা-নাজমুল হাবিব তুষার-কে, সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারিরূপে নিয়োগ দান করা হইল :

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

যেহেতু, তিনি ০৯-০৭-২০২৪ তারিখ হতে ২৭-১১-২০২৪ তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে ১৪১ (একশত একচল্লিশ) দিন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত আছেন;

যেহেতু, তিনি বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও ঢাকায় কর্মরত থাকাকালীন নিজ পেশা 'সরকারি চাকরি' গোপন করে 'শিক্ষক' পেশা উল্লেখ করে নিজেই নিজের পাসপোর্টের আবেদন জমা করেন এবং Approval প্রদান করে পাসপোর্ট নম্বর A07134797 গ্রহণ করেন;

যেহেতু, তাঁর এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এবং ৩(গ) বিধি মোতাবেক "পলায়ন" এর শামিল বিধায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ১১/২০২৪ রুজু করা হয় এবং গত ০১-০১-২০২৫ তারিখের ৪৪.০০.০০০০.২৩৭.২৭.০১১.২৪-১০৬ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

যেহেতু, তিনি অভিযোগনামার জবাব প্রেরণ করেননি এবং ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেননি। সে প্রেক্ষিতে গত ২৭-০৪-২০২৫ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দোহাতীতভাবে প্রমাণীত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, তথ্য প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণীত হওয়ায় একই বিধিমালার ৪(৩) (ঘ) বিধি অনুযায়ী 'চাকুরী হতে বরখাস্তকরণ' এর বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তাঁর দাপ্তরিক ঠিকানায় প্রেরিত পত্রটি ফেরত এসেছে ও তাঁর স্থায়ী ঠিকানায় প্রেরিত তাঁর বড় ভাই মোঃ নাজিয়ার রহমান কর্তৃক পত্র গৃহীত হয়েছে এবং এ বিষয়ে তাঁর কোনো জবাব পাওয়া যায়নি বিধায় গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রেখে একই বিধিমালার ৭(১০) বিধি মোতাবেক তাকে সরকারি 'চাকুরী হতে বরখাস্তকরণ' এর বিষয়ে পরামর্শ গ্রহণের জন্য গত ০৪-০৮-২০২৫ তারিখে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন তাকে 'চাকুরী হতে বরখাস্তকরণ' এর বিষয়ে গৃহীত প্রাথমিক সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের পরামর্শ প্রদান করেছে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও (গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩) (ঘ) বিধি মোতাবেক জনাব মোঃ শাহিনুর রহমান, সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, গোপালগঞ্জ, (সংযুক্ত: বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও)-কে সরকারি চাকুরী হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাসিমল গনি

## পুলিশ-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ১২ কার্তিক ১৪৩২বঙ্গাব্দ/২৮ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.১০৭০—যেহেতু, জনাব মোঃ শাহ নূর আলম পাটওয়ারী (বিপি-৭৯১১১৪২৫২৭), বর্তমানে এন্টি টেরোরিজম ইউনিটে সংযুক্ত ইতঃপূর্বে অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি), (পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত), আরপিএমপি, রংপুর কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ১৯-০৮-২০২৪ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব মোঃ শাহ নূর আলম পাটওয়ারী (বিপি-৭৯১১১৪২৫২৭)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুসারে অসদাচরণ ও পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপবিধি (১) অনুযায়ী গত ১৯-০৮-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাসিমুল গনি
সিনিয়র সচিব।

---

## জাতীয় রাজস্ব বোর্ড
[ কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা ]

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১০ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ/২৬ অক্টোবর, ২০২৫ খ্রি.।

নং ১১৩/২০২৫/কাস্টমস/৪১৪—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মেসার্স এম্পোরিয়াম ডিউটি ফ্রি [বন্ড লাইসেন্স নং-০২, তারিখ: ১৫-১০-২০১২ খ্রি.] নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-৬৪/২০২৪/কাস্টমস/৫৮০, তারিখ: ১৫-১২-২০২৪ খ্রি: এর মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য প্রদত্ত প্রাপ্যতার মেয়াদ প্রতিষ্ঠানের আবেদন এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায় আগামী ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। উল্লেখ্য, বর্ণিত মেয়াদের আমদানিকৃত পণ্য পরবর্তী মেয়াদের আমদানি প্রাপ্যতার সাথে সমন্বয় করার শর্তে এ অনুমতি প্রদান করা হলো।

তারিখ: ১১ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ/২৭ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ।

নং ১১৪/২০২৫/কাস্টমস/৪১৭—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান এইচ কবির এন্ড কোং লিঃ [বন্ড লাইসেন্স নং-০৩/পিবিডব্লিউ/১৯৭৮, তারিখ: ৩১-০৮-১৯৭৮ খ্রি:] এর অনুকূলে ইতোপূর্বে বিয়োজনের শর্তে প্রত্যয়নপত্রের মাধ্যমে প্রদত্ত ৩,৩১,৫২২.৭৪ মার্কিন ডলার আমদানি প্রাপ্যতা বিয়োজনপূর্বক ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করিল, যথা:

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | ২০২৫-২০২৬ অর্থবছরে নির্ধারিত আমদানি প্রাপ্যতার পরিমাণ |
|---|---|---|
| ১. | এইচ কবির এন্ড কোং লিঃ | ১১,০০,০০০.০০ (এগার লক্ষ) মার্কিন ডলার |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

সবাইয়া সলতানা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**[প্রজ্ঞাপন]**

**তারিখ: ১১ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৭ অক্টোবর, ২০২৫ খ্রিস্টাব্দ।**

**আদেশ নং - ১১৪/২০২৫/কাস্টমস/৪১৭।** কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২ (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব কর্তৃক ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান এইচ কবির এন্ড কোং লিঃ [বন্ড লাইসেন্স নং-০৩/পিবিডব্লিউ/১৯৭৮, তারিখ: ৩১/০৮/১৯৭৮ খ্রি:] এর অনুকূলে ইতোপূর্বে বিয়োজনের শর্তে প্রত্যয়নপত্রের মাধ্যমে প্রদত্ত ৩,৩১,৫২২.৭৪ মার্কিন ডলার আমদানি প্রাপ্যতা বিয়োজনপূর্বক ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করিল, যথা:

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | ২০২৫-২০২৬ অর্থবছরে নির্ধারিত আমদানি প্রাপ্যতার পরিমাণ |
|---|---|---|
| ১. | এইচ কবির এন্ড কোং লিঃ | ১১,০০,০০০.০০ (এগার লক্ষ) মার্কিন ডলার |

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে-**

স্বা:-
**[সুরাইয়া সুলতানা]**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল: ssbondnbr@gmail.com

**প্রাপক:**

উপ-পরিচালক
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।
**(বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশিতব্য)**

নথি নং-০৮.০১.০০০০.০৫৬.০২.০০৭.২০২০/৪১৭ (১১)

তারিখ: ২৭/০৮/২০২৫ খ্রি:।

**অনুলিপি; সদয় অবগতি ও কার্যক্রমের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১-০৬। কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/পানগাঁও/আইসিডি (কমলাপুর), ঢাকা।
০৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
০৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)।
০৯। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১০। পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১১। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, এইচ কবির এন্ড কোং লিঃ, ২০৫/১, গুলশান-তেজগাঁও লিংক রোড, তেজগাঁও শি/এ, ঢাকা।
১২-১৩। অফিস কপি/গার্ড কপি।

27/10/2025

**[সুরাইয়া সুলতানা]**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)